

শ্রেণী - তৃতীয় কেস স্টাডি

জ্যোতির আরও দুটো নেশার মধ্যে ছিল ফুটবল খেলা আর যাত্রা কিংবা শখের থিয়েটারে অভিনয় করা । জ্যোতির সবচেয়ে প্রিয় ভূমিকা ছিল -- ভক্ত হনুমান, লক্ষ্মণ, রাজা হরিশচন্দ্র, বীর প্রতাপাদিত্য । দুর্গা উৎসবের চারদিন মামাবাড়িতে নিত্য রাঁধা হতো আজকের হিসাবে প্রায় চারশো কিলোগ্রাম ওজনের চালের ভাত । এই ভাত রাঁধতেও জ্যোতি ও তার সঙ্গোপাঙ্গের উৎসাহ অপরিসীম । প্রসাদ পেতে কম লোকের সমাগম হতো না চাটুজ্যে-বাড়িতে । ভদ্রলোকদের জন্য রেওয়াজ ছিল সাদা ভাত আর অন্যান্য প্রজাদের জন্য ঘরের লাল চালের ভাত পরিবেশনের । একদিন এক জেলে প্রজা কিন্তু কিন্তু করে একটু সাদা ভাত চেখে দেখতে চাইল । শুনে জ্যোতির বড়ো মায়া হল । ছোটোমামার সঙ্গে গিয়ে সে বসন্তকুমারকে ধরল --- পরদিন থেকে সবার জন্যই এল সাদা ভাত ।

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :-

ক) ফুটবল খেলতে লাগে -- হাত / পা / লাঠি ।

খ) হনুমান ও লক্ষ্মণ চরিত্র দুটি দেখেছি -- ডোরেমানে / মহাভারতে / রামায়ণে ।

গ) দুর্গা উৎসব পালিত হয় -- তিন / চার / পাঁচ দিন ।

ঘ) ভাত তৈরি হয় -- চাল / গম / ভুট্টা দিয়ে ।

ঙ) মামা বলতে বুঝি -- বাবার দাদা-ভাই / মায়ের দাদা-ভাই / কাকার ছেলে

চ) দুর্গাপূজা হয় - শীতকালে / বসন্তকালে / শরৎকালে ।